

গৌরীপুর সরকারি কলেজে অধ্যক্ষ উপাধ্যক্ষ নেই

গৌরীপুর (ময়মনসিংহ) থেকে প্রকাশিত সংবাদমাতা : গৌরীপুর সরকারি কলেজে অধ্যক্ষ ও উপাধ্যক্ষের পদ থাকায় ডিগ্রি পরীক্ষার কার্যক্রম পরিচালনায় বিঘ্ন ঘটছে।

ডিগ্রি পরীক্ষা শুরু হওয়ার পর গৌরীপুর সরকারি কলেজের অধ্যক্ষ মো. আমিনুল ইসলাম বদলি হয়ে নবীনগর সরকারি কলেজে এবং উপাধ্যক্ষ আমিত চন্দ্র রায় অধ্যাপক পদে পদোন্নতি পেয়ে নোয়াখালী সরকারি কলেজে অধ্যক্ষ হিসেবে যোগ দান করায় পদ দুটি শূন্য হয়ে যায়। শূন্য পদে কাউকে দায়িত্ব না দেয়ায় গৌরীপুর সরকারি কলেজ কেন্দ্রের ডিগ্রি পরীক্ষার কার্যক্রম পরিচালনায় ব্যাঘাত ঘটছে। শহরের দুটি কলেজ থেকে ৫ শ' ১২ জন প্রার্থী গৌরীপুর সরকারি কলেজ কেন্দ্রে পরীক্ষায় অংশ গ্রহণ করছে। নকল করার দায়ে ইংরেজিতে ২৪ জন ও বাংলা পরীক্ষায় ৫ জনসহ মোট ২৯ জনকে বहिষ্কার করা হয়।